নির্বাচন অগ্রাধিকার
অতীব জরুরি

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

নং- ১৭.০০.০০০০.০৩৪.৩৭.০০২.২৪-২০৮

তারিখ: ১৯ ফাল্গুন ১৪৩০
০৩ মার্চ ২০২৪

# পরিপত্র-৯

**বিষয়: ময়মনসিংহ সিটি কর্পোরেশন নির্বাচন উপলক্ষে নির্বাচনি দ্রব্যাদি বিতরণ, মোবাইল ফোনের ব্যবহার, ভোটদান পদ্ধতি, ভোটদানের পরবর্তী করণীয় ইত্যাদি**

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, ময়মনসিংহ সিটি কর্পোরেশন নির্বাচন উপলক্ষে নিম্নলিখিত নিদের্শাবলীর প্রতি আপনাকে দৃষ্টি রাখতে হবে:

০২। **ভোটকেন্দ্রে ব্যবহৃত নির্বাচনি দ্রব্যাদিঃ** ভোটগ্রহণের দিন ভোটকেন্দ্রে যে সমস্ত ফরম, প্যাকেট ও অন্যান্য নির্বাচনি সামগ্রীর প্রয়োজন হবে তার তালিকা পরিশিষ্ট 'ক'-তে বিস্তারিতভাবে উল্লেখ করা হয়েছে। এ প্রসঙ্গে আপনাকে স্মরণ করে দেয়া যাচ্ছে যে, ভোটগ্রহণকারী কর্মকর্তাগণকে যথাসময়ে নির্বাচনি সামগ্রী সরবরাহ করা খুবই গুরুত্বপূর্ণ এবং সুষ্ঠুভাবে নির্বাচনি সামগ্রী ভোটকেন্দ্রে সরবরাহের উপর সুষ্ঠু নির্বাচন পরিচালনা একান্তভাবে নির্ভরশীল। সুতরাং সংশ্লিষ্ট ভোটগ্রহণকারী কর্মকর্তাগণ যাতে নির্বাচনি সামগ্রী যথাযথভাবে গ্রহণ করে সুষ্ঠুভাবে কাজে লাগান সে বিষয়ে আপনাকে সতর্ক দৃষ্টি রাখতে অনুরোধ করা যাচ্ছে।

০৩। **ইভিএমসহ বিভিন্ন নির্বাচনি দ্রবাদি সরবরাহঃ** যে সমস্ত নির্বাচনি সামগ্রী প্রিজাইডিং অফিসারগণ ভোটকেন্দ্রে ব্যবহার করবেন তার বিবরণী পুনরায়.এই পরিপত্রের পরিশিষ্ট 'ক' -এ উল্লেখ করা হলো। নির্বাচনে ব্যবহৃতব্য ফরম, প্যাকেট ও অন্যান্য নির্বাচনি সামগ্রী গ্রহণ এবং ভোটকেন্দ্রে পরিবহনের জন্য উপযুক্ত নিরাপত্তার ব্যবস্থা গ্রহণ করবেন। উপযুক্ত নিরাপত্তা বাহিনীসহ ইভিএম ও অন্যান্য নির্বাচনি সামগ্রী প্রেরণ এবং প্রিজাইডিং অফিসারসহ ভোটগ্রহণকারী কর্মকর্তাদের ভোটকেন্দ্রে প্রেরণের ব্যবস্থা করবেন।

০৪। **ইভিএম এর তথ্য যাচাইকরণঃ** ইভিএম-এ রক্ষিত তথ্য প্রতিদ্বন্দ্বী প্রার্থীদের তালিকা অনুসারে তাদের স্ব স্ব নাম, নির্বাচনি প্রতীক এবং পদভিত্তিক ভোটার সংখ্যা অনুযায়ী হয়েছে কিনা তা সংশ্লিষ্ট কর্মকর্তাকে যাচাই করে দেখতে হবে। কোন ত্রুটি পরিলক্ষিত হলে তাৎক্ষণিকভাবে তা নির্বাচন কমিশন সচিবালয়কে অবহিত করে সংশোধন করে নিতে হবে। এই বিষয়ে আপনাকে আরও স্মরণ করে দেয়া যাচ্ছে যে, ইভিএম ও অন্যান্য ফরম, প্যাকেট এবং নির্বাচনি সামগ্রী সংগ্রহের সময় ভোটকেন্দ্রের চাহিদা অনুসারে যাচাই করে নিবেন।

০৫। **ইভিএমসহ বিভিন্ন ধরনের সিলের সংরক্ষণ ও গোপনীয়তা রক্ষাঃ** ইভিএম এবং অন্যান্য মালামাল প্রিজাইডিং অফিসারদের মধ্যে বিতরণের পূর্বমুহূর্ত পর্যন্ত নিরাপদে সংরক্ষণ করতে হবে। ইভিএমসমূহ নিরাপদ স্থানে রাখবেন। সকল পর্যায়ে যাতে ইভিএম এর পাসওয়ার্ড ও অন্যান্য কোড নম্বরের গোপনীয়তা রক্ষিত হয় তার নিশ্চয়তা বিধান করবেন।

০৬। **পোলিং এজেন্ট বা নির্বাচনি এজেন্টের মোবাইল ফোন ব্যবহার নিষিদ্ধঃ** প্রিজাইডিং অফিসার, ভোটকেন্দ্রের নিরাপত্তায় নিয়োজিত আইন-শৃঙ্খলা বাহিনীর দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা এবং সংশ্লিষ্ট কেন্দ্রের কারিগরী সদস্যগণ ব্যতীত অন্য কেউ ভোটকেন্দ্রে মোবাইল ফোন ব্যবহার করতে পারবেন না। উক্ত কর্মকর্তাগণও নির্বাচনি কার্যক্রমের প্রয়োজন ব্যতিরেকে মোবাইল ফোন ব্যবহার করতে পারবেন না। বিষয়টি আপনি সংশ্লিষ্টদের জানিয়ে দিবেন।

০৭। **ভোটার তালিকাঃ** ভোটগ্রহণের জন্য সিটি কর্পোরেশনের জন্য প্রয়োজনীয় সংখ্যক হালনাগাদকৃত ছবিসহ ভোটার তালিকা সংশ্লিষ্ট সকল ভোটকেন্দ্রে প্রিজাইডিং অফিসারদের ভোটগ্রহণের উপযোগী করে প্রতিটি ভোটকেন্দ্রের প্রয়োজন অনুসারে সরবরাহ করার নিশ্চয়তাও বিধান করবেন।

০৮। **ভোটকেন্দ্রের তালিকা ব্যাপকভাবে প্রচারঃ** ময়মনসিংহ সিটি কর্পোরেশন নির্বাচন উপলক্ষে নির্বাচন কমিশন কর্তৃক সরকারি গেজেটে প্রকাশিত ভোটকেন্দ্রের তালিকাটি আপনি স্থানীয়ভাবে সংশ্লিষ্ট সকলের জ্ঞাতার্থে ব্যাপকভাবে প্রচার করবেন। নির্বাচন কমিশন কর্তৃক সরকারি গেজেটে প্রকাশিত ভোটকেন্দ্রের তালিকার ভিত্তিতে ভোটগ্রহণের ব্যবস্থা করবেন।

০৯। **ভোটকেন্দ্র হিসেবে ব্যবহৃত প্রতিষ্ঠানসমূহ ব্যবহারঃ** ভোটকেন্দ্র হিসেবে ব্যবহারের জন্য সরকারি গেজেটে প্রকাশিত যে সকল প্রতিষ্ঠানের নাম রয়েছে সেই সকল প্রতিষ্ঠানের মালিক/স্বত্বাধিকারী/প্রধানদেরকে তাদের প্রতিষ্ঠান ব্যবহার এবং তাদের প্রতিষ্ঠানের কর্মকর্তা/কর্মচারীগণ যাতে নির্বাচনি কাজে ভোটগ্রহণ কর্মকর্তাগণকে সার্বিক সহযোগিতা প্রদান করেন সেই জন্য অনুরোধ জানাবেন।

১০। **গোপনকক্ষের বাহিরে সংশ্লিষ্ট ভোটকক্ষ নম্বর প্রদানঃ** ভোটকক্ষের নির্ধারিত গোপনকক্ষের সম্মুখভাগ মোটা কাপড় দিয়ে ঘেরা হতে হবে যাতে ভোটার কর্তৃক ভোট প্রদান দেখা না যায়। সেই সাথে উল্লিখিত কাপড়ে ভোটকক্ষ নম্বর লিখতে হবে, যাতে সকলের দৃষ্টিগোচর হয় এবং ভোটকক্ষ নম্বর সহজে সনাক্ত করা যায়।

১১। **নির্বাচনি মালামাল চটের থলিতে সংরক্ষণঃ** ভোটকেন্দ্রে বিভিন্ন প্রকার নির্বাচনি সামগ্রী বহনের জন্য নির্বাচন কমিশন হতে দুই প্রকারের চটের থলি (গ্যানি ব্যাগ) সরবরাহ করা হবে। বিধিমালার ৪০ বিধিতে বর্ণিত কাগজপত্রাদিপূর্ণ প্যাকেটসমূহ বড় চটের থলিতে সযত্নে সিলগালা করে রাখতে হবে। কারণ ৪০ বিধিতে বর্ণিত কাগজপত্রাদি নির্বাচনি মোকদ্দমা দায়ের হলে নির্বাচনি ট্রাইব্যুনালের আদেশ ছাড়া কিংবা নির্বাচনি মোকদ্দমা নিষ্পত্তি না হওয়া পর্যন্ত খোলা যাবে না।

১২। **স্থানীয়ভাবে ক্রয় করার জন্য নির্বাচনি সামগ্রীঃ** যে সমস্ত নির্বাচনি সামগ্রী স্থানীয়ভাবে আপনাকে ক্রয় করে সংশ্লিষ্ট প্রিজাইডিং অফিসারগণকে সরবরাহ করতে হবে তা পরিশিষ্ট-'ক' এর ৪র্থ ভাগে উল্লেখ করা হয়েছে। এই সমস্ত নির্বাচনি সামগ্রী ক্রয়ের জন্য প্রয়োজনীয় অর্থ নির্বাচন কমিশন হতে আপনার অনুকূলে বরাদ্দ করা হবে। তবুও কোন ঘাটতি দেখা দিলে আপনি তা তাৎক্ষণিকভাবে নির্বাচন কমিশন হতে সংগ্রহ করবেন।

১৩। এ পরিপত্রের প্রাপ্তি স্বীকারের জন্য অনুরোধ করা হলো।

০২/০৩/২০২৪


( মোঃ আতিয়ার রহমান )
উপসচিব
নির্বাচন পরিচালনা-০২ অধিশাখা
ফোন: ৫৫০০৭৫২৫ (অফিস)
Email: sasemc1@gmail.com


প্রাপক :

আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, ময়মনসিংহ অঞ্চল, ময়মনসিংহ
ও
রিটার্নিং অফিসার, ময়মনসিংহ সিটি কর্পোরেশন নির্বাচন, ২০২৪

নং- ১৭.০০.০০০০.০৩৪.৩৭.০০২.২৪-২০৮

তারিখ: ১৯ ফাল্গুন ১৪৩০ / ০৩ মার্চ ২০২৪

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
৩. গভর্নর, বাংলাদেশ ব্যাংক, ঢাকা
৪. সিনিয়র সচিব/সচিব, ...................................... (সংশ্লিষ্ট) মন্ত্রণালয়/বিভাগ
৫. মহাপুলিশ পরিদর্শক, বাংলাদেশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা
৬. মহাপরিচালক, বিজিবি/আনসার ও ভিডিপি/র‍্যাপিড এ্যাকশান ব্যাটালিয়ন (র‍্যাব), ঢাকা
৭. মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৮. অতিরিক্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৯. প্রকল্প পরিচালক, আইডিইএ-২ প্রকল্প, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১০. বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বিভাগ ও আপিল কর্তৃপক্ষ
১১. উপ মহাপুলিশ পরিদর্শক, ময়মনসিংহ রেঞ্জ
১২. যুগ্মসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১৩. মহাপরিচালক, নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা
১৪. প্রকল্প পরিচালক, ইভিএম প্রকল্প, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১৫. মহাব্যবস্থাপক, ক্রেডিট ইনফরমেশন ব্যুরো, বাংলাদেশ ব্যাংক, ঢাকা

১৬. সিস্টেম ম্যানেজার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [ওয়েব সাইটে প্রকাশ ও প্রাসঙ্গিক অন্যান্য কার্যক্রম গ্রহণের অনুরোধসহ]
১৭. জেলা প্রশাসক, ময়মনসিংহ
১৮. পুলিশ সুপার, ময়মনসিংহ
১৯. পরিচালক (জনসংযোগ), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [সংবাদ মাধ্যমকে অবহিতকরণ ও প্রাসঙ্গিক অন্যান্য কার্যক্রম গ্রহণের অনুরোধসহ]
২০. উপসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
২১. ....................................................(সংশ্লিষ্ট) ও সহকারী রিটার্নিং অফিসার
২২. জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, ময়মনসিংহ
২৩. উপজেলা নির্বাহী অফিসার, ..............................(সংশ্লিষ্ট)
২৪. জেলা তথ্য অফিসার, ময়মনসিংহ
২৫. মাননীয় প্রধান নির্বাচন কমিশনারের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (প্রধান নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)
২৬. মাননীয় নির্বাচন কমিশনার জনাব ...................................., এর একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (মাননীয় নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)
২৭. সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
২৮. উপজেলা নির্বাচন কর্মকর্তা,............................(সংশ্লিষ্ট) ও সহকারী রিটার্নিং অফিসার
২৯. অফিসার ইনচার্জ,.......................................(সংশ্লিষ্ট) থানা।

03.03.2024

( মোহাম্মদ আশ্রাফুল আলম )
সিনিয়র সহকারী সচিব
নির্বাচন ব্যবস্থাপনা ও সমন্বয়-০১ শাখা
ফোন: ০২-৫৫০০৭৬১০
E-mail: sasemc1@gmail.com

**পরিশিষ্ট-ক**

## সিটি কর্পোরেশন নির্বাচন উপলক্ষে ভোটগ্রহণের জন্য প্রত্যেক ভোটকেন্দ্রে যে সকল নির্বাচনি সামগ্রীর প্রয়োজন হবে তার তালিকা

### ১ম ভাগ–নির্বাচনি দ্রব্যাদি

(নির্বাচন কমিশন সচিবালয় অথবা রিটার্নিং অফিসার কর্তৃক সরবরাহকৃত)

| ক্রঃ নং | নির্বাচনি দ্রব্যাদি | পরিমাণ |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| (১) | ছবিসহ ভোটার তালিকা | প্রতি ভোটকক্ষের জন্য সংশ্লিষ্ট এলাকার ০১ কপি |
| (২) | অমোচনীয় কালির কলম | প্রতি ভোটকক্ষের জন্য ০১টি কলম এবং প্রতি ভোটকেন্দ্রের জন্য অতিরিক্ত ০২টি কলম |
| (৩) | গালা | প্রতি ভোটকেন্দ্রের জন্য ২০০ গ্রাম ওজনের ০১ প্যাকেট |
| (৪) | সিল গালা করার জন্য পিতলের সিল (ব্রাস সিল) | প্রতি ভোটকেন্দ্রের জন্য ০১টি |
| (৫) | স্ট্যাম্প প্যাড | প্রতি ভোটকক্ষের জন্য ০২টি এবং প্রতি ভোটকেন্দ্রের জন্য অতিরিক্ত ০১টি |
| (৬) | চটের বড় থলি (ভোটকেন্দ্রের নির্বাচনি সামগ্রী বহনের জন্য) | প্রতি ভোটকেন্দ্রের জন্য ০১টি |
| (৭) | চটের ছোট থলি (পিতলের সিল, স্ট্যাম্প প্যাড, অমোচনীয় কালির কমল ইত্যাদি ভর্তি করে রিটার্নিং অফিসার/সহকারী রিটার্নিং অফিসারের নিকট আলাদাভাবে ফেরত প্রদানের জন্য) | প্রতি ভোটকেন্দ্রের জন্য ০১টি |

## ২য় ভাগ–ফরমসমূহ

(নির্বাচন কমিশন সচিবালয় কর্তৃক সরবরাহকৃত)

| ক্রমিক নং | ফরম নম্বর | বিষয় | পরিমাণ |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ১) | ফরম-জ | নির্বাচনি এজেন্ট নিয়োগ | প্রতি সিটি কর্পোরেশনের জন্য ৫০০টি করে |
| ২) | ফরম-জ-১ | পোলিং এজেন্ট নিয়োগ | প্রতি সিটি কর্পোরেশনের জন্য ১০০০টি করে |
| ৩) | ফরম-জ-২ | পোলিং এজেন্টদের উপস্থিতির রেকর্ড | প্রতি ভোটকক্ষের জন্য ০২টি করে |

**বিশেষ দ্রষ্টব্যঃ** নির্বাচন কমিশন সচিবালয় হতে ফরম-ঞ, ঞ-১, ঞ-২, ঠ, ঠ-১, ঠ-২ ও ড সরবরাহ করা হবে না। এ সকল ফরম রিটার্নিং অফিসার নিজ কার্যালয়ে কম্পিউটারে প্রস্তুত করে সরবরাহ করতে হবে। নির্বাচনি এজেন্ট নিয়োগের ফরম-জ এবং পোলিং এজেন্টদের নিয়োগপত্র ফরম-জ-১ এর কপি প্রত্যেক প্রতিদ্বন্দ্বী প্রার্থীকে লিখিতভাবে প্রদান করতে হবে।

## ৩য় ভাগ-প্যাকেটসমূহ

(নির্বাচন কমিশন সচিবালয় কর্তৃক সরবরাহকৃত)

| ক্রমিক নং | প্যাকেট নম্বর | বিষয় | পরিমাণ |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ১ | প্যাকেট-৭ | চিহ্ন প্রদত্ত ভোটার তালিকার অনুলিপিসমূহ রাখার জন্য প্যাকেট | প্রতি ভোটকেন্দ্রের জন্য ০৫টি |
| ২ | প্যাকেট-১০ | ভোটগণনার হিসাব বিবরণী রাখার জন্য প্যাকেট | প্রতি ভোটকেন্দ্রের জন্য ০৬টি |
| ৩ | প্যাকেট-১১ | সরকারি সিল মোহর এবং অন্যান্য দ্রব্যাদি রাখার জন্য প্যাকেট | প্রতি ভোটকেন্দ্রের জন্য ০৩টি |
| ৪ | বিশেষ খাম | বৈধ ভোটের বিবরণী সম্বলিত বিশেষ প্যাকেট | প্রতি ভোটকেন্দ্রের জন্য ০২টি |

## ৪র্থ ভাগ–মনিহারী দ্রব্যাদি

(স্থানীয়ভাবে ক্রয় বা সংগ্রহকৃত)

| ক্রমিক নং | নির্বাচনি দ্রব্যাদি | পরিমাণ |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| (১) | বল পয়েন্ট কলম | ভোটকেন্দ্রের ভোটগ্রহণ কাজে নিয়োজিত প্রতি অফিসারের জন্য একটি |
| (২) | সাদা কাগজ | প্রতি ভোটকেন্দ্রের জন্য আধা দিস্তা |
| (৩) | কার্বন কাগজ | প্রতি ভোটকেন্দ্রের জন্য ১০টি শিট |
| (৪) | ছুরি | প্রতি ভোটকেন্দ্রের জন্য ০১টি |
| (৫) | সুঁই (বড় সাইজ) | প্রতি ভোটকেন্দ্রের জন্য ০১টি |
| (৬) | সুতা | প্রতি ভোটকেন্দ্রের জন্য ছোট ০১ বল |
| (৭) | মোমবাতি (বড় সাইজ) | প্রতি ভোটকেন্দ্রের জন্য ছয়টির ০১ প্যাকেট |
| (৮) | দিয়াশলাই | প্রতি ভোটকেন্দ্রের জন্য ০১ প্যাকেট |
| (৯) | আলপিন | প্রয়োজন অনুসারে |
| (১০) | গামপট | প্রতি ভোটকেন্দ্রের জন্য ০১ পট |
| (১১) | গ্লু/সুপার গ্লু | প্রতি ভোটকেন্দ্রের জন্য ০১ টি |
| (১২) | দেওয়ালপত্র (প্ল্যাকার্ড)<br>(ক) ‘‘প্রবেশ’’, ‘‘বাহির’’<br>(খ) ‘‘ভোটকক্ষ নং ....... (পুরুষ)’’<br>(গ) ‘‘ভোটকক্ষ নং ....... (মহিলা)’’<br>(ঘ) ‘‘প্রিজাইডিং অফিসার’’<br>‘‘সহকারী প্রিজাইডিং অফিসার’’<br>‘‘পোলিং অফিসার’’, ‘‘পোলিং এজেন্ট’’ | প্রতি ভোটকেন্দ্রের জন্য প্রয়োজন অনুসারে |

## ৫ম ভাগ–আসবাবপত্র

(ভোটকেন্দ্রে প্রয়োজনীয় সংখ্যক যে সকল আসবাবপত্র থাকতে হবে)

| ক্রমিক নং | আসবাবপত্র | পরিমাণ |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| ১ | টেবিল | প্রতি ভোটকেন্দ্রের জন্য প্রয়োজন অনুসারে |
| ২ | চেয়ার | প্রতি ভোটকেন্দ্রের জন্য প্রয়োজন অনুসারে |
| ৩ | বেঞ্চ | প্রতি ভোটকেন্দ্রের জন্য প্রয়োজন অনুসারে |

**বিশেষ দ্রষ্টব্যঃ** প্রতি ভোটকক্ষে ভোটারগণ যে মার্কিং প্লেসে প্রতিক চিহ্নিত করবেন তা কাপড়, চট, চাদর অথবা চাটাই বা অন্য কিছু দ্বারা তৈরি করা যেতে পারে। শিক্ষা প্রতিষ্ঠানের শ্রেণিকক্ষে ব্ল্যাক বোর্ড বা পার্টিশন দ্বারা মার্কিং প্লেস তৈরি করা যাবে না। এ ব্যাপারে এটুকু নিশ্চয়তা বিধান করতে হবে যে, ভোটারগণ প্রতিক চিহ্নিত করার সময় কেউ যেন দেখতে না পায়। অর্থাৎ যাতে ভোটদানের গোপনীয়তা বজায় থাকে। গোপনে প্রতিক চিহ্নিত করার স্থানের আশে পাশে কোন জানালা উন্মুক্ত থাকলে কিংবা কোন দেয়াল/বেড়া ভগ্ন থাকলে তা ভোটগ্রহণ কার্যক্রমের পূর্বেই বন্ধ করে দিতে হবে। প্রতিক চিহ্নিত করার স্থানটিতে স্বাভাবিক আলো থাকতে হবে।